

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ২১, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২৭ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ/১০ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.১০৫.২০১৬-৩৫৬—যেহেতু, জনাব মোঃ বাইরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ-এর বিরুদ্ধে গোমস্তাপুর থানার মামলা নং-৩, তারিখ: ০৫-০৩-২০১৩ (জি.আর-৩৯/১৩) ধারা: ১৪৩/১৪৪/৩৪১/৩২৬(ক)/৩০৭/৪৩৬/৪২৭/১১৪ দ:বি: তৎসহ ১৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ১৫(৩)/২৫-ঘ এবং ১৯০৮ সালের বিস্ফোরক দ্রব্য আইনের ৩/৩, ক-এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ বাইরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ-এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে চাঁপাইনবাবগঞ্জ জেলার গোমস্তাপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ বাইরুল ইসলামকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

লুৎফুন নাহার
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৩১১)

মূল্য : টাকা ৪.০০